

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ আশ্বিন ১৪২৮/ ২২ সেপ্টেম্বর ২০২১

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.২১.২১৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী
শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে ১০-১৩ জানুয়ারি ২০১০ তারিখে ভারত সফর করেন। এ
সফরের ফলে দু দেশের মধ্যে বিদ্যমান সমস্যাসমূহের সফল সমাধান সম্ভব হবে এবং দেশের উন্নয়নে
পানি সম্পদ, বিদ্যুৎ, জ্বালানি ও পরিবহন খাতসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃক্ষি পাবে।

২। প্রতিবেশী দেশসমূহের সহিত সম্পর্ক উন্নয়নে প্রধানমন্ত্রীর ঐকান্তিক আগ্রহ ও প্রচেষ্টায়
প্রধানমন্ত্রীর ভারত সফর শতভাগ সফল হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করে
মন্ত্রিসভার ০১ মাঘ ১৪১৬/১৪ জানুয়ারি ২০১০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৩৯২৫)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : $\frac{০১ \text{ মাঘ } ১৪১৬}{১৪ \text{ জানুয়ারি } ২০১০}$

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে ১০-১৩ জানুয়ারি ২০১০ তারিখে ভারত সফর করেন। ভারত বাংলাদেশের নিকটতম প্রতিবেশী ও পরীক্ষিত বন্ধু রাষ্ট্র। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ভারতের অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণীয়। বিশ্ব অর্থনৈতিসহ বিভিন্ন ক্ষেত্রে ভারত ইতোমধ্যে গুরুত্বপূর্ণ অবস্থান অর্জন করেছে। এ প্রেক্ষাপটে বাংলাদেশের প্রধানমন্ত্রীর ভারত সফরে অর্জিত সাফল্য দু দেশের সম্পর্কের উন্নয়নে মাইল ফলক হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। এ সফর ভারতের সাথে সহযোগিতা ও অংশীদারিতের ক্ষেত্রে নৃতন যুগের সূচনা করেছে। সফরের ফলে দু দেশের মধ্যে বিদ্যমান সমস্যাসমূহের সফল সমাধান সম্ভব হবে এবং দেশের উন্নয়নে পানি সম্পদ, বিদ্যুৎ, জ্বালানি ও পরিবহন খাতসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি পাবে। প্রতিবেশী দেশসমূহের সহিত সম্পর্ক উন্নয়নে প্রধানমন্ত্রীর ঐকান্তিক আগ্রহ ও প্রচেষ্টায় প্রধানমন্ত্রীর ভারত সফর শতভাগ সফল হওয়ায় মন্ত্রিসভা তাঁকে অভিনন্দন জানাচ্ছে।